

আবেদন

ভগবান শ্রীরামকৃষ্ণদেবের অন্তরঙ্গ পার্শ্ব এবং ঈশ্বরকোটি যাহার মজ্জা পর্যন্ত শুদ্ধ - সেই শুদ্ধাত্মার প্রতিমূর্তি এবং যিনি ভগবান শ্রীকৃষ্ণের হলাদিনী শক্তি শ্রীমতী রাধাদেবীর অংশ সম্ভূত ও সখী রূপে আবির্ভূত - সেই বাবুরাম ঘোষ এর সম্মাস গ্রহনাঙ্কে স্বামী প্রেমানন্দ মহারাজের জন্মস্থান - হুগলী জেলার আঁটপুরে - জমিদার বংশের দর্শনীয় পুরাতন ঐতিহ্য মন্ডিত তাহার পৈতৃক বাসভবন - যেখানে শ্রীশ্রীমা সারদা দেবী এবং শ্রীমৎ স্বামী বিবেকানন্দ ও শ্রীরামকৃষ্ণ দেবের অন্যান্য পার্শ্বদগনের বাসস্থান রূপে ও স্মৃতি হিসাবে সংরক্ষিত আছে, স্বামী বিবেকানন্দ এবং তাহার ৮ জন গুরুভ্রাতা সহ ১৮৮৬ খ্রীষ্টাব্দে ২৪ ডিসেম্বর প্রজ্জলিত ধুনিতে - গৃহত্যাগ এবং সম্মাস গ্রহনের সংকলপ, রামকৃষ্ণ সংঘের উৎপত্তি, 'আত্মানো মোক্ষার্থং জগদ্ধিতায় চ', 'বহুজন হিতায় বহুজন সুখায়' - 'ত্যাগ ও সেবা' যাহার আদর্শ ও মূলমন্ত্র - সেই ধুনিমণ্ডপ, - যেই দুর্গামণ্ডপে শ্রীশ্রীমা সারদা দেবী - 'জ্যাস্ত দুর্গার' - উপস্থিতিতে ১৮৯৪ সনে অক্টোবর মাসে শ্রীশ্রী শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হইয়াছিল সেই পুরাতন শক্তি পীঠ এর ঐতিহ্য ও রক্ষণাবেক্ষণ, এবং 'প্রেমানন্দ' ভবন নামাঙ্কিত উল্লেখযোগ্য জমিদার বংশের পুরাতন ঐতিহ্য মন্ডিত সেই বাড়ী, শ্রীশ্রীরামকৃষ্ণ মন্দির, জানসাধারণের আরোগ্য তীর্থ চিকিৎসা বিভাগের বাড়ীগুলি এবং অনুন্নত শ্রেণীর ছেলেমেয়েদের শিক্ষা সহযোগী কোচিং সেন্টারের বাড়ী, ওই সমূহ বাড়ীগুলির রক্ষণাবেক্ষণের জন্য বাৎসরিক ন্যূনতম হিসাবে ১৫ লক্ষ টাকার প্রয়োজন হয়। এই খরচ ব্যতীত অন্যান্য অতিরিক্ত খরচ আবশ্যিক হইয়া যায় যাহার বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

প্রয়োজন	বাৎসরিক খরচ
১) বাড়ীগুলির রক্ষণাবেক্ষন	- ১৫ লক্ষ টাকা
২) শিব মন্দির ও লক্ষ্মীনারায়ন মন্দির এর নিত্য সেবা ও রক্ষণাবেক্ষণ	- ১ লক্ষ টাকা
৩) চিকিৎসাবিভাগের পরিষেবা, যন্ত্রপাতি ও ঔষধপত্র ইত্যাদি	- ৬ লক্ষ টাকা
৪) শিক্ষা বিভাগের পরিষেবা, ছেলেমেয়েদের পোশাক, টিফিন, বইপত্র ইত্যাদি	- ৬ লক্ষ টাকা
৫) দুর্গাপূজা	- ৬ লক্ষ টাকা
৬) স্বামী প্রেমানন্দজী মহারাজের জন্মোৎসব এবং ধুনি উৎসব(২৪ - ২৬ ডিসেম্বর)	- ৮ লক্ষ টাকা
৭) স্বরোজগার প্রকল্প এবং অন্যান্য সেবামূলক কাজের জন্য	- ৮ লক্ষ টাকা

যদি ভক্তগন, সুহৃদবর্গ ও সহৃদয়বান ব্যক্তিগন স্বামী প্রেমানন্দজী মহারাজের জন্মস্থান রামকৃষ্ণ সংঘের ঐতিহ্য এবং সংস্কৃতি মন্ডিত রামকৃষ্ণ মঠ, আঁটপুর - যাহা বেলুড় মঠের শাখা কেন্দ্র - তাহার উন্নতিকল্পে, দৈনন্দিন ব্যায়ভার বহন করিবার জন্য অর্থ দিয়া সাহায্য করেন তাহার জন্য - বিনীত ভাবে এই আবেদন করিতেছি। আমাদের আশা সকলেই সধ্যমত এবং নিজ নিজ আত্মীয় এবং আপন জনের স্মৃতির উদ্দেশ্যে অর্থ প্রদান করিয়া শ্রীশ্রীঠাকুরের সেবায় নিযুক্ত থাকিবেন।

৮০(জি) ধারায় দান আয়কর মুক্ত। বিশেষভাবে জানিতে চাহিলে আমাদের অফিসে যোগাযোগ করুন।

৩০শে জুলাই ২০১৯

বিনীত
স্বামী বশিষ্ঠানন্দ
অধ্যক্ষ

০৯৪৭৭৪৮৭৭৫৫